

বাবু ইসলাম, স্টাফ রিপোর্টার, সিরাজগঞ্জ ॥  
জাতীয় নেতা, সাবেক প্রধানমন্ত্রী শহীদ, এম  
মনসুর আলীর নামানুসারে সিরাজগঞ্জে স্থাপিত  
'শহীদ এম মনসুর আলী মেডিক্যাল কলেজ ও  
হাসপাতালের' ভবন নির্মাণকাজ শুরু হয়েছে।  
শহর থেকে মাত্র ৫ কি.মি. দূরে শিয়ালকোলে  
এ মেডিক্যাল কলেজের ভবনসমূহের  
নির্মাণকাজ দ্রুত এগিয়ে যাচ্ছে। ইতোমধ্যেই  
নির্মাণকাজের ৩০ ভাগ অগ্রগতি হয়েছে বলে  
সংশ্লিষ্ট বিভাগ জানিয়েছেন। মনসুর আলী  
সরকারী এ মেডিক্যাল কলেজের নির্মাণ প্রকল্পে  
ব্যয় বরাদ্দ ধরা হয়েছে প্রায় ছয় শত সইত্রিশ  
কোটি টাকা। ৩০ একর জমির ওপর  
নির্মাণাধীন এ প্রকল্পের কাজ শেষ হওয়ার কথা  
২০১৯ সালের জুন মাসে।  
নির্ধারিত সময়ের মধ্যে কাজ শেষ করার টার্গেট  
নিয়ে গণপূর্ত বিভাগ নির্মাণকাজ শুরু করেছেন।  
ইতোমধ্যেই ৫শ' শয্যার হাসপাতাল ভবনের  
নির্মাণকাজ শুরু হয়েছে। এ জন্য ব্যয় করা হচ্ছে-  
এক শ' ছিয়াশি কোটি টাকা। পাঁচ কোটিরও  
বেশি টাকা খরচ করে সীমানা প্রাচীর  
নির্মাণকাজও শেষ হয়েছে। • মেডিক্যাল  
কলেজের ১০ তলা ফাউন্ডেশনের ৬ তলা

## শহীদ এম মনসুর আলী মেডিক্যাল কলেজের নির্মাণ কাজ দ্রুত এগিয়ে যাচ্ছে

একাডেমিক ভবন ও ৮ তলা ফাউন্ডেশনের ৬  
তলাবিশিষ্ট ছাত্রছাত্রী হোস্টেল ভবন নির্মাণ,  
ডরমেটরি ভবনসহ আনুষঙ্গিক আরও অন্যান্য  
ভবন নির্মাণের কাজ শুরু হয়েছে। জন্য  
ইতোমধ্যেই টেন্ডার গ্রহণ করে তা মূল্যায়ন  
কাজ শুরু হয়েছে। প্রায় সোয়া তিন শ' কোটি  
টাকার নির্মাণকাজ এ বছরেই শেষ করা হবে  
বলে আশা করা হচ্ছে।  
সিরাজগঞ্জ-হাটিকুমরুল সড়কের শিয়ালকোলে  
বিসিক এস্টেটের সামনে শুরু হয়েছে শহীদ এম  
মনসুর আলী মেডিক্যাল কলেজের নির্মাণকাজ।  
মেডিক্যাল কলেজ নির্মাণকাজে পাইল বসানোর  
অটোহামারসহ নানা জাতীয় যন্ত্রপাতির শব্দ  
আর প্রায় এক হাজার কর্মজীবী মানুষের

হাকডাকে শহর থেকে মাত্র ৫ কি.মি. দূরের এ  
শিয়ালকোল নতুন করে জেগে উঠেছে।  
সিরাজগঞ্জ গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী  
আনোয়ারুল আজিম জনকণ্ঠকে জানিয়েছেন,  
নির্ধারিত সময়ের মধ্যে কাজ শেষ করার টার্গেট  
নিয়ে কাজ শুরু করা হয়েছে। ইতোমধ্যেই ৫শ'  
শয্যার হাসপাতাল ভবনসহ মেডিক্যাল  
কলেজের ১০ তলা ফাউন্ডেশনের ৬ তলা  
একাডেমিক ভবন ও ৮ তলা ফাউন্ডেশনের ৬  
তলাবিশিষ্ট ছাত্রছাত্রী হোস্টেল ভবন নির্মাণ,  
ডরমেটরি ভবনসহ আনুষঙ্গিক আরও অন্য  
ভবন নির্মাণের কাজ শুরু হয়েছে। নির্মাণকাজ  
শুরু হয়েছে। সীমানা প্রাচীর নির্মাণকাজ শেষ।  
মেডিক্যাল কলেজের ১০ তলা ফাউন্ডেশনের ৬  
তলা একাডেমিক ভবন ও ৮ তলা ফাউন্ডেশনের  
৬ তলাবিশিষ্ট ছাত্রছাত্রী হোস্টেল ভবন  
নির্মাণকাজ শুরু হয়েছে।  
উন্নয়ন কাজসমূহের সর্বাধিক গুরুত্ব দিয়ে  
মেডিক্যাল কলেজের নির্মাণকাজ তদারকি করা  
হচ্ছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ  
নাসিম নিজেও নির্মাণকাজের অগ্রগতি সম্পর্কে  
সার্বক্ষণিক মনিটরিং করছেন বলেও নির্বাহী  
প্রকৌশলী জানিয়েছেন।